

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছে :

তারিখ- ৩০-১০-২০১৮

১৯৬৭ সালে কংগ্রেস রাজত্বে বনরিজার্ভ বিরোধী আন্দোলনে বিলোনীয়া মহকুমার মতাইতে মোহিনী ত্রিপুরা শহীদ হন। সি পি আই (এম) বিলোনীয়া মহকুমা কমিটির উদ্যোগে ২০১৭ সালের ১৭ই মার্চ মতাইতে শহীদ মোহিনী ত্রিপুরা স্মরণে স্মৃতিফলক নির্মাণ করা হয়। এই স্মৃতিফলক উদ্বোধন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী কমরেড মানিক সরকার।

বি জে পি-আই পি এফ টি সরকার গঠিত হওয়ার পর ৫ই অক্টোবর, ২০১৮ দানবীয় উল্লাসে বি জে পি-র নেতৃত্বাধীন দুর্বৃত্তরা স্মৃতিফলক ভেঙ্গে গুড়িয়ে দেয়। গত ১৮ অক্টোবর, ২০১৮ বিশ্ব সনাতন সেনা ঐ স্থানে রামমন্দির নির্মাণের জন্য ভিত্তি প্রস্তর স্থাপন করে।

সি পি আই (এম) বিলোনীয়া মহকুমা কমিটি এর তীব্র প্রতিবাদ জানায় এবং উক্ত স্থানের কাগজপত্র সহ মামলা দায়ের করে।

৩০ শে অক্টোবর বিকাল ৩ টায় বিলোনীয়ার মহকুমা শাসক তাঁর অফিসে এই বিষয়ে সভায় উপস্থিত থাকতে পার্টির মহকুমা সম্পাদক কমরেড তাপস দত্তকে চিঠি দেন। সেই মত আজ ৩ টায় পার্টির মহকুমা সম্পাদক জয়গার কাগজপত্র নিয়ে মহকুমা শাসকের অফিসে আসেন। মহকুমা শাসকের কক্ষে প্রবেশের মুখে বারান্দায় কমরেড তাপস দত্ত এবং পার্টি কর্মী নন্দন দেব আক্রান্ত হন। সেখানে পূর্ব পরিকল্পনা অনুসারে ২০/২৫ জন বি জে পি নামধারী দুষ্কৃতি মুনাল সেন ও সত্যজিত পালের নেতৃত্বে কমরেড তাপস দত্তকে প্রাণ নাশের উদ্দেশ্যে আক্রমণ করে। কমরেড দত্তকে বেধরক মারধোর করে এবং কিছু কাগজপত্র ছিনিয়ে নিয়ে যায়। তাদের আক্রমণের মধ্যেই কমরেড তাপস দত্ত ও নন্দন দেব এস ডি এম অফিস থেকে কোন প্রকারে পার্টির মহকুমা কমিটির অফিসে পৌঁছান।

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলী প্রকাশ্য দিবালোকে মহকুমা শাসকের অফিসে কমরেড তাপস দত্তের উপর প্রাণঘাতি হামলার তীব্র নিন্দা করছে। এই ঘটনা আবারও প্রমাণ করছে বি জে পি-আই পি এফ টি সরকারের রাজত্বে আইনের শাসনকে চ্যালেঞ্জ জানিয়ে সমাজবিরোধীরা একের পর এক হামলা চালিয়ে যাচ্ছে। পার্টির রাজ্য সম্পাদকমন্ডলী পার্টির রাজ্য কমিটির সদস্য ও মহকুমা সম্পাদক কমরেড তাপস দত্ত ও পার্টি কর্মী নন্দন দেব-এর উপর হামলার তীব্র নিন্দা জানাচ্ছে এবং আক্রমণকারীদের গ্রেপ্তারের দাবী করছে।

২০/১০/১৮
সি পি আই (এম)
রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।